

কালের কর্ত্ত

ময়মনসিংহ শ্ৰুতসংঘের যৌথ উদ্যোগে মানববন্ধন

‘শিশুর কাঁধে ফুলের ভারী ব্যাগ নয় পড়াশোনা হোক আনন্দময়’

নিয়ামুল কবীর সজ্জল, ময়মনসিংহ >

এক পাদা বই আর খাতার ভারী ব্যাগ নিয়ে কুলে যাতায়াত করা শিশুদের চোখে পড়ে সব সময়ই। কিন্তু এটা যে উচিত নয়, বই-খাতার এ বোঝা যে শিশুর শারীরিক ও মানসিক স্বাস্থ্যের জন্য ক্ষতিকর, তা আমরা কয়জন ভাবি। আমরা কতজন এ সমস্যা সমাধানে সোচ্চার। তবে এ বিষয়ে সামাজিক সচেতনতা সৃষ্টির লক্ষ্যে ২০ আগস্ট বৃহস্পতিবার কালের কষ্ট উভসংঘ এবং আরো কয়েকটি সংগঠনের যৌথ উদ্যোগে ‘শিশুর কাঁধে ফুলের ভারী ব্যাগ নয়, পড়াশোনা হোক আনন্দময়’-এ প্রোগ্রাম নিয়ে ময়মনসিংহে এক মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে।

আয়োজনের উদ্যোক্তারা জানান, আমাদের দেশে শিক্ষার হার বাড়ছে। বাড়ছে কুলে শিশুদের আনাগোনা। কিন্তু কুল কর্ত্তপক্ষ এবং অভিভাবকদের অসচেতনতায় শিক্ষাজীবনের শুরু থেকেই শিশুদের আমরা যত্রগার মধ্যে ফেলে দিচ্ছি। পিঠে বই-খাতার ভারী ব্যাগ নিয়ে শিশুদের যে কষ্ট, তা আমরা কেউই ভাবছি না। দীর্ঘমেয়াদে এসব শিশু পিঠের কিংবা নেরুদণ্ডের জটিল রোগে আক্রান্ত হতে পারে, এ নিয়েও ভাবনা নেই। সর্বোপরি শিশুদের পড়ালেখাকে কিভাবে সহজ, সরল ও আনন্দময় করে তোলা যায়-এ নিয়ে জাতীয় পর্যায়েও আমাদের তেমন পদক্ষেপ নেই। কিন্তু সমস্যা সমাধানে, সচেতনতা সৃষ্টিতে কেউ না কেউ এগিয়ে আসে। ময়মনসিংহে কালের কষ্ট উভসংঘ, অনসাহল থিয়েটার, বেসরকারি সংস্থা সান, ওয়ার্ল্ড ডিশন এবং স্বপ্ন বুনন কুল এ সমস্যা সমাধানে সামাজিক সচেতনতা সৃষ্টিতে যৌথভাবে কাজ করার সিদ্ধান্ত নিয়েছে। এমন কর্মসূচি জেলার অন্য স্থানেও অনুষ্ঠিত হবে।

আয়োজকদের কথা

বেসরকারি সংস্থা ‘সান’-এর নির্বাহী পরিচালক খায়রুল বাশার বলেন, ‘কালের কষ্ট উভসংঘ দীর্ঘ সময় ধরে সামাজিক নানা সমস্যা নিয়ে সচেতনতামূলক কাজ করে যাচ্ছে। এতে আমরা উৎসাহিত হই এবং উভসংঘের পাশে থেকে একসঙ্গে কাজ করতে চাই। আমাদের সংগঠনের সব সদস্যও এ ব্যাপারে একমত। তাই আমরা গৌরীপুর উপজেলায় কাজ করলেও জেলা সদরে এসে উভসংঘের কর্মসূচিতে অংশ নিই। এবার আমরা একই ব্যানারে অংশ নিলাম। ভবিষ্যতে আমরা একসঙ্গে বহুদূর যেতে চাই।’ অনসাহল থিয়েটারের সভাপতি আবুল মনসুর বলেন, ‘আমরা নাটকের মাধ্যমে সমাজ সচেতনতামূলক কাজ করছি। উভসংঘ তাদের জায়গা থেকে আরো বড় পরিসরে কাজ করছে। কিন্তু আমরা যদি একই সঙ্গে পথ চিহ্নি, এতে আমরা সবাই আমাদের কার্যক্রম লক্ষ্যে পৌঁছতে পারব।’ ওয়ার্ল্ড ডিশন ময়মনসিংহ অঞ্চলের রিজিওনাল ফিল্ড ডিরেক্টর ডমিনিক রজন পিউরিফিকেশন বলেন, ‘উভসংঘের উভ কাজগুলো সমাজে অনুকরণীয়। উভসংঘের সব উভ কাজে আমরা যুক্ত থাকতে চাই। স্থানীয় যেকোনো সমাজ সচেতনতামূলক কাজে উভসংঘের পাশে ওয়ার্ল্ড ডিশন থাকবে।’ স্বপ্ন বুনন কুলের পরিচালনা পরিষদের সহসভাপতি পরিচালক বিলকিস খানম পাপড়ি বলেন, ‘স্বপ্ন বুনন কুল শিশুবান্ধব কুল। এ কুলের শিশুদের ভারী ব্যাগ নিয়ে কুলে আসতে হয় না। আমরা চাই দেশের প্রতিটি কুলই এমন শিশুবান্ধব হয়ে উঠুক। আর এ জন্য যেকোনো সামাজিক সচেতনতামূলক কাজে আমরা থাকব।’ ট্রেড ইউনিয়নকেন্দ্র ময়মনসিংহ জেলার সভাপতি মাহবুব বিন হাইফ বলেন, ‘এমন আয়োজনে ময়মনসিংহের ট্রেড ইউনিয়নের সদস্যরা সব সময় অংশ নেবেন।’

প্রথম দিনের কর্মসূচিতে সর্বতোভাবে সহায়তায় ছিল ময়মনসিংহ শহরের শিশুবান্ধব কুল ‘স্বপ্ন বুনন’। পাঠদান ও ব্যবস্থাপনায় ব্যতিক্রমধর্মী এ কুলের শিশুরা ভারী ব্যাগ বহন করে না। বৃহস্পতিবার সকাল ১১টায় বৃষ্টি উপেক্ষা করে শহরের নতুন কুড়ি ও প্রগ্রেসিভ মডেল কুলের সামনে প্রথম মানববন্ধন কর্মসূচি পালিত হয়। অভিভাবকরাও এ কর্মসূচিতে অংশ নেন। এরপর একই ব্যানারে নিয়ে পণ্ডিতপাড় এলাকার শিশুবান্ধব কুল ‘স্বপ্ন বুনন’ কুলের সামনে আরেকটি মানববন্ধন অনুষ্ঠিত হয়।

‘স্বপ্ন বুনন’ কুলের সব খুদে শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকরা মানববন্ধনে অংশ নেন। এ সময় এলাকাবাসী এমন উদ্যোগকে স্বাগত জানায়। কর্মসূচি সফল করতে যারা প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ভূমিকা রেখেছেন, তাঁরা হলেন-বেসরকারি সংস্থা সানের নির্বাহী পরিচালক খায়রুল বাশার, অনসাহল থিয়েটারের সভাপতি আবুল মনসুর, ওয়ার্ল্ড ডিশনের রিজিওনাল ফিল্ড ডিরেক্টর ডমিনিক রজন পিউরিফিকেশন, বিশ্বসাহিত্য কেন্দ্রের এম রবীউল ইসলাম, ‘স্বপ্ন বুনন’ কুলের

সহসভাপতি পরিচালক বিলকিস খানম পাপড়ি, উদ্যোক্তা আবদুল কাহদের চৌধুরী, ট্রেড ইউনিয়নকেন্দ্রের ময়মনসিংহের সভাপতি মাহবুব বিন হাইফ, উভসংঘের সাধারণ সম্পাদক মাসুম আহমেদ, শিক্ষক নেতা খন্দকার সুলতান আহমেদ, চেয়ারম্যান সহসভাপতি শংকর সাহা, ব্যবসায়ী নেতা খন্দকার শরীফ উদ্দিন, সাংবাদিক নাজমুল হুদা মানিক প্রমুখ।

মানববন্ধনে উভসংঘের পক্ষ থেকে উপস্থিত ছিলেন মুকিত, ফাহিম, মিজান, ইম্রাফিল, আনোয়ার পারভেজ, রেজা, পিপি, মামুন, আমিনুল, শাহাদাত, মঞ্জুরুল ইসলাম প্রমুখ। ‘স্বপ্ন বুনন’ কুলের শিক্ষিকা এবং অভিভাবকদের পক্ষে মাহুমা ইয়াসমিন, কবীরী উর্দাচার্য, ছন্দা সরকার, জয়ন্তী বিশ্বাস, মঞ্জুরুল আফসার, রুকসানা খাতুন, ফাহিমদা ফেরদৌস, লিপি খাতুন, সাদিয়া ইসলাম, সাফাত নাজনীন, মাসুদ রানা, অনসাহল। থিয়েটারের পক্ষ থেকে উপস্থিত ছিলেন বেবল, জয়সাহা, ওয়ারেছ প্রমুখ; সানের পক্ষ থেকে উপস্থিত ছিলেন আবুল ফজল আজাদ, ওবায়দুর রহমান, মোহাম্মদ মিনুল ইসলাম সাহিদ হাসান সিধুন প্রমুখ; ওয়ার্ল্ড ডিশন স্বেচ্ছাসেবকদের পক্ষ থেকে উপস্থিত ছিলেন আবদুর রউফ, কাউসার, আইনুল, শামসুর রহমান, মমতাজ বেগম, শামীমা নাসরীন, সুমি প্রমুখ।

কর্মসূচিতে স্বতঃস্ফূর্তভাবেও অনেকে যোগ দেন। সদর উপজেলার শত্ৰুগঞ্জ থেকে এসে এ কর্মসূচিতে যোগ দেন জিয়া রহমান। কর্মসূচিতে সমন্বয়কের দায়িত্ব পালন করেন কালের কষ্ট ময়মনসিংহের নিজস্ব প্রতিবেদক সাংবাদিক নিয়ামুল কবীর সজ্জল।